

স্মার্ট পঞ্চায়েতের লক্ষ্যে বৈঠক

গ্রামীণ এলাকার হেলথ ক্লিনিকেও এবার অনলাইন আউটডোর টিকিটের ব্যবস্থা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: স্মার্ট পঞ্চায়েতের লক্ষ্যে একাধিক পদক্ষেপ নিচে
রাজ্য সরকার। থাকছে পঞ্চায়েত স্তরে আর্থিক ব্যবস্থাপনা, দরপত্র ডাকা, মানবিক
সম্পদ ব্যবস্থাপনা, নিরোগ প্রক্রিয়া, প্রকল্প বাস্তবায়ন থেকে শুরু করে স্বাস্থ্য
সংক্রান্ত বিষয়গুলি। সমস্ত ক্ষেত্রেই স্মার্ট পঞ্চায়েত গড়ে তোলার টার্গেট নেওয়া
হয়েছে। অর্থাৎ, নির্বাচনের পরে নব গঠিত বোর্ডের মাধ্যমে তথ্য-প্রযুক্তির উপর
ভর করেই স্বচ্ছতা বৃদ্ধি এবং উন্নত পরিষেবা দিতে চাইছে রাজ্য পঞ্চায়েত দপ্তর।
সেই লক্ষ্যেই এবার চালু হচ্ছে স্মার্ট হেলথ ক্লিনিক। এর ফলে পঞ্চায়েতের অধীন
স্বাস্থ্যকেন্দ্রেও এবার ডাক্তার দেখাতে অনলাইন টিকিট করা যাবে। মঙ্গলবার
বিশ্ববঙ্গ কলেজেনশন সেন্টারে স্মার্ট পঞ্চায়েত নিয়ে একটি কর্মশালার আয়োজন
করে পঞ্চায়েত দপ্তর। জয়েন্ট বিডিও এবং ডিপিআরডিওদের বিশেষ পাঠ
দিয়েছেন পঞ্চায়েত দপ্তরের পদস্থ কর্তারা। উদ্বোধনী অনুষ্ঠানে ছিলেন পঞ্চায়েত
মন্ত্রী প্রদীপ মজুমদার, দুই প্রতিমন্ত্রী বেচারাম মান্না এবং শিউলি সাহা। আরও
ছিলেন পঞ্চায়েত সচিব পি উলগানাথানও। উপস্থিতি আধিকারিকদের ডেঙ্গু
পরিস্থিতির কথা মাথায় রেখে জল জমার সমস্যা এড়ানোর নির্দেশ দিয়েছেন
পঞ্চায়েত মন্ত্রী। বেচারাম মান্নাও এবিষয়ে সর্তক করেছেন। তিনি বলেন, ডেঙ্গুর
বিপদ কৃত্ততে কঠিন এবং তরল বর্জ্য নিষ্কাশনের উপর বিশেষ জোর দিতে হবে।
এদিনই বিশ্ববাংলা মেলা প্রাঙ্গণে ওয়াটার ফর পিপল ইন্ডিয়া এবং রাজ্য সরকার
যৌথভাবে একটি কর্মশালা করবে। সেখানেও যোগ দেন পঞ্চায়েত দপ্তরের দুই
প্রতিমন্ত্রী। সেখানে বেচারাম বলেন, আনন্দধারা কর্মসূচির অধীনে স্বনির্ভর
গোষ্ঠীর মহিলাদের কাজে লাগিয়েই সৃষ্টি একটি পরিবেশ গড়ে তুলতে হবে।